

অফিস আদেশ

স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.১৮.০৫৫.২৪ (প্রথম অংশ)-৯৮৫

তারিখ: ১১/০৯/২০২৫ খ্রি.

বিষয়: **ibss++** এর মাধ্যমে অনলাইনে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজগিত ভ্রমনভাতা বিল দাখিলকরণ প্রসঙ্গে।

- সূত্র : ১. স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫ (অংশ-২)-২৫ তারিখ: ০১/০৩/২০২২খ্রি.; এবং স্মারক নং-০৭.০০.০০০০. ১৭৩.৩৪.০০৭.১৫ (অংশ-২)-৭৪ তারিখ: ১০/০৬/২০২২খ্রি.; অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবিধি-৩, অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.১৮.০৫০.২৩-১৩৯২ তারিখ: ২৩/০৮/২০২৪খ্রি.; স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.১৮.০৫০.২৩-৭৭৯ তারিখ: ০৪/০৭/২০২৪খ্রি.; এবং স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.১৮.০৫৫.২৪(অংশ-১)-১১৬৬ তারিখ: ০২/০৯/২০২৪খ্রি.; অত্র দপ্তর।
৩. Chief Martial Law Administrators Secretariat, Martial Law and Civil Wing এর Notification No. 7002/1/Civ-1 dated Dhaka the 14/2/1983.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকসমূহের প্রেক্ষিতে গত ০৯/০৯/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত অত্র দপ্তরের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক **ibss++** এর মাধ্যমে অনলাইনে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজগিত ভ্রমনভাতা বিল দাখিলের বিষয়ে অত্র দপ্তরের স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.১৮.০৫৫.২৪(অংশ-১)-১১৬৬ তারিখ: ০২/০৯/২০২৪খ্রি: এতদ্বারা বাতিল করা হলো এবং **ibss++** এর মাধ্যমে অনলাইনে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজগিত ভ্রমনভাতা বিলসমূহ দাখিলের নিয়ন্ত্রণ নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশ প্রদান করা হলো :-

- (১) **ibss++** এর মাধ্যমে অনলাইনে সকল দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজগিত ভ্রমনভাতা বিল দাখিল করতে হবে;
- (২) বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণ প্রত্যেক ত্রৈমাসিক কার্যসূচী অনুমোদন পূর্বক নিরীক্ষা দলের ভ্রমনের পূর্বে অনুমোদিত কার্যসূচী মোতাবেক অফিস আদেশ জারী করে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন;
- (৩) অনুমোদিত কার্যসূচী, ডায়রি ও অফিস আদেশ মোতাবেক ভ্রমনভাতা বিলসমূহ প্রথমত অনলাইনে এন্ট্রি করে অনলাইনে Send করার পূর্বে Save করে বিলের প্রিন্ট কপি এবং ভ্রমন বৃত্তান্ত / ট্যুর ডায়েরীসহ আবশ্যিকভাবে যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরে দাখিল করবেন;
- (৪) বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) উক্ত ভ্রমনভাতা বিল অফিস আদেশ, অনুমোদিত কার্যসূচী ও রোজনামচার সাথে যাঁচাই করে ভ্রমনভাতা বিলের প্রিন্ট/হার্ড কপিতে দাবীকৃত বিল অফিস আদেশ, কার্যসূচী ও রোজনামচার সাথে মিল আছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা দাখিলযোগ্য সকল অডিট রিপোর্ট দাখিল করেছেন মর্মে সুস্পষ্ট প্রত্যয়ন পূর্বক ভ্রমনভাতা বিলের প্রিন্ট/হার্ড কপি অনুমোদন/মঞ্জুরীর জন্য হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর বরাবরে অগ্রগামী করবেন;
- (৫) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর ভ্রমনভাতা বিলসমূহের প্রিন্টকপি / হার্ডকপি যাঁচাই করে বাজেট প্রাপ্তি স্বাপেক্ষ নথিতে বিলসমূহ অনুমোদন করত: বিলের হার্ড কপিতে নিয়ন্ত্রনকারী কর্মকর্তার স্বাক্ষর প্রদান পূর্বক সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করবেন;
- (৬) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর কর্তৃক প্রেরিত নিয়ন্ত্রনকারী কর্মকর্তার স্বাক্ষরিত অনুমোদিত ভ্রমনভাতা বিল সংশ্লিষ্ট দপ্তরের SDO / DDO অনলাইনে অত্র দপ্তরের চার্টার অব-ডিউটিজ মোতাবেক গেজেটেড কর্মকর্তার ভ্রমনভাতা বিল নিয়ন্ত্রনকারী কর্মকর্তা হিসাবে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর নিকট এবং নন-গেজেটেড কর্মচারীর ভ্রমনভাতা বিল নিয়ন্ত্রনকারী কর্মকর্তা হিসাবে সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন) এর নিকট Approval এর জন্য Send করবেন;
- (৭) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)/সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন) ভ্রমনভাতা বিল অনলাইনে Approve করে সংশ্লিষ্ট দপ্তরের DDO এর নিকট অনলাইনে প্রেরণ করবেন। DDO উক্ত বিল জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার/ বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক অফিসে অনলাইনে ফরোয়ার্ড করে বিল প্রাপ্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবেন।

উপরোল্লিখিত নির্দেশনা সমূহ অনুসরণ ব্যতিত ভ্রমনভাতা বিল প্রদান/পরিশোধ ও গ্রহন করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য ও আর্থিক বিধি-বিধান অনুযায়ী বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মো: মাসুদ বিল্লাহ আরেফ খান)

হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (চ:দা:)
controller@coa-revenue.gov.


ফোন # ০২-৪১০২৫৫২৫

তারিখ: ১১/০৯/২০২৫ খ্রি.

স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.১৮.০৫৫.২৪ (প্রথম অংশ)-৯৮৫/১(২৫৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১ পুরানা পল্টন, ঢাকা
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক(সকল).
- ৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, (সকল).
- ৫। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (সকল).
- ৬। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) (সকল).


১১/০৯/২০২৫

(মো: এনামুল হক)

সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন)
admin@coa-revenue.gov.bd